# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

উনত্রিশ বর্ষ (দ্বিতীয় সংখ্যা)
জুলাই ২০১৮

**রানী রাসমণি স্মারক বক্তৃতা ঃ ২০১৮**

বিদ্যামন্দিরের প্রাক্তনী প্রয়াত অধ্যাপক তারাপদ দাস প্রবর্তিত 'রানী রাসমণি স্মারক বক্তৃতা' এ বছর নিম্নলিখিত সূচী অনুসারে অনুষ্ঠিত হবে :

তারিখ : ১৫ আগস্ট, ২০১৮ বুধবার
সময় : বেলা ১১ টা ৩০ মিনিট
স্থান : বিবেকানন্দ সভাগৃহ
বিষয় : **শ্রীশ্রী মায়ের রাধু**
বক্তা : **স্বামী শিবার্চনানন্দ,**
রামকৃষ্ণ মঠ, বাগবাজার

**এই বক্তৃতা সভায় যোগদানের জন্য সকলকে সাদর আমন্ত্রণ।**

বিদ্যামন্দির, ৩০ জুন ২০১৮ —কর্মসচিব



***"We want that education by which character is formed, strength of mind is increased, the intellect is expanded and by which one can stand on one's own feet."*** **—Swami Vivekananda**

## পুনর্মিলন পুনর্বার

গত ১৯.৫.১৮ তারিখে অনুষ্ঠিত কার্যকরী সমিতির সভায় স্থির হয়েছে যে বিদ্যামন্দির পরিবারের পরবর্তী পুনর্মিলন উৎসব অনুষ্ঠিত হবে আগামী বছরের (২০১৯) ৩রা ফেব্রুয়ারি তারিখে। প্রয়োজনীয় সর্বপ্রকার প্রস্তুতি শুরু হয়ে গেছে। বিজ্ঞাপন ও অন্যান্য প্রয়োজনে যোগাযোগ করুন কর্মসচিব মনোজ কুমার ভট্টাচার্য (9831464660), পুনর্মিলন উপসমিতির আহ্বায়ক সুশান্ত দে (9433346353) বা উপসমিতির যুগ্ম আহ্বায়ক সুভাষ চন্দ্র ভাট (9433476776)-এর সঙ্গে।

## সম্পাদকীয়

সে অনেক কাল আগের কথা। বেলুড়মঠের পশ্চিম দিক থেকে শের শাহের আমলের গ্রাণ্ড ট্রাঙ্ক রোড অবধি প্রসারিত ভূখণ্ডটি তখন জঙ্গলাকীর্ণ, দিনে দুপুরে শিয়ালের ডাক শোনা যায়। ভিতরের জলাশয়ে স্থানীয় ধোপারা কাপড় কাচে—চরে বেড়ায় গোরু, ছাগল ইত্যাদি। সেই অনাবাদী পতিত ভূখণ্ডটিতে কয়েকজন স্বপ্নদ্রষ্টা প্রজ্ঞাবান সন্ন্যাসী সরস্বতীর আসন পাতলেন। তৈরী হল বিদ্যামন্দির, সারদাপীঠ। ইতিমধ্যে দ্বিতীয় বিশ্বমহাযুদ্ধের দামামা বেজে গেছে; বাতাসে বারুদের কটু গন্ধ। তারই মধ্যে নীরবে নিভৃতে শুরু হল সারস্বত সাধনা। এক অনাড়ম্বর ঐতিহাসিক সূচনার পর বিদ্যার সেই মন্দির ধীরে ধীরে নিজের অস্তিত্বকে উন্মোচিত করতে শুরু করল। সুদীর্ঘ এক পরিক্রমা-পথে সাফল্যের নুতন নুতন শিখরকে ছুঁয়ে যাওয়া। 'ন্যাক্' এর মূল্যায়নে সাফল্য, স্বায়ত্বশাসন, স্নাতকোত্তর পঠন-পাঠন ইত্যাদির পর কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের মূল্যায়নে এবার বিদ্যামন্দির এ দেশের কলেজগুলির মধ্যে নবম স্থান দখল করে এক অনন্য নজির তৈরি করেছে। বিদ্যামন্দিরের এই অভূতপূর্ব সাফল্যে আমরা প্রাক্তনীরা আনন্দিত, গর্বিত। বিদ্যামন্দিরের এই উত্তরণে আমরাও অংশীদার—এ কথা স্বীকার করেন বিদ্যামন্দিরের কর্তৃপক্ষও। আমাদের দায়িত্বও তাই বেড়ে যাচ্ছে দিনে দিনে। আসুন আমরা সকলে বিদ্যামন্দিরের উত্তরণের এই মহালগ্নে অকৃপণ হাতে আমাদের সেরা সমস্ত কিছু তুলে দিই—যেন ভবিষ্যতে কখনও খেদ করে বলতে না হয়—"তোমায় কেন দিই নি আমার সকল শূন্য করে?"

তপন কুমার ঘোষ, প্রধান সম্পাদক

## ২০১৭-২০১৮ বর্ষের বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

প্রিয় সতীর্থ,

অ্যাসোসিয়েশনের ২০১৭-১৮ বর্ষের বার্ষিক সাধারণ সভা নিম্নসূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

**তারিখ : ১৫ আগস্ট ২০১৮, বুধবার ; সময় : বিকেল ২টা ৩০ মিনিট ; স্থান : বিবেকানন্দ হল, বিদ্যামন্দির।**

আলোচ্য বিষয়সূচী :

১। বিগত ১৫.৮.২০১৭-তে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ; ২। কর্মসচিবের বার্ষিক প্রতিবেদন, ২০১৭-১৮ ;
৩। ২০১৭-১৮ বর্ষের অডিট রিপোর্ট ; ৪। ২০১৮-১৯ বর্ষের জন্য অডিটর নিয়োগ ;
৫। ২০১৮-২১ বর্ষের জন্য কর্মসমিতির সদস্য নির্বাচন (মুদ্রিত মনোনয়নপত্র পাঠানো হ'ল) ; ৬। বিবিধ (সভাপতির অনুমোদন সাপেক্ষে)।

**এই সভায় যোগদানের জন্য সকলকে আমন্ত্রণ জানাই।**

বিদ্যামন্দির, ২০ জুন ২০১৮ —কর্মসচিব

বিঃদ্রঃ—সভার দিনে বিদ্যামন্দিরে মধ্যাহ্নভোজনে আগ্রহী সদস্যরা অনুগ্রহ করে ১৩ আগস্টের মধ্যে কর্মসচিবকে টেলিফোনের (৯৮৩১৪৬৪৬৬০) মাধ্যমে জানিয়ে দেবেন।

## আনন্দ সংবাদ

প্রাক্তনী **অভিজিৎ রায় (১৯৮৫-৯০)** 'রশ্মি গ্রুপ অফ্ কোম্পানীজ্' (স্টীল অ্যাণ্ড সিমেন্ট ডিভিশন)-এর এগজিকিউটিভ্ ডিরেক্টরের পদে অধিষ্ঠিত হয়েছেন। তিনি এই কোম্পানীর এইচ্. আর, আই. আর এবং অ্যাড্‌মিনিস্ট্রেশনের দায়িত্বে আছেন। প্রসঙ্গত, প্রাক্তনী সংসদের 'মানিকতলা স্বাস্থ্য প্রকল্পে' তিনি ছিলেন প্রধান ব্যবস্থাপক। তাঁর এই সাফল্যে আমরাও সকলেই সবিশেষ আনন্দিত!



## চলে গেলেন অধ্যাপক সুশান্ত বসু

গত ৩রা মে, ২০১৮ মধ্যরাত্রে বিদ্যামন্দিরের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক সুশান্ত বসু নাতিদীর্ঘ রোগভোগের পর লোকান্তরিত হয়েছেন। তিনি ছিলেন বিশিষ্ট কবি, প্রাবন্ধিক এবং সাহিত্য সমালোচক। এই কৃতী অধ্যাপক ক্লাসরুমে কেবল নয়—নিজেকে জড়িয়ে রেখেছিলেন বিদ্যামন্দিরের নানা উদ্যোগে—কখনও খেলার মাঠে, কখনও সাংস্কৃতিক মঞ্চে, কখনও বা অন্যতর উদ্‌যাপনে। অসুস্থ তাঁকে দেখতে তাই তাঁর রোগশয্যার পাশে নানা সময়ে ছুটে গিয়েছিলেন বিদ্যামন্দিরের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, সম্পাদক মহারাজ, অধ্যাপক, তাঁর একদা সহকর্মী এবং ছাত্রেরা।

বিদ্যামন্দিরের প্রাক্তনী সংসদের পক্ষ থেকে আমরা প্রয়াত "স্যার"-এর আত্মার সদ্‌গতি কামনা করি এবং শোকসন্তপ্ত পরিজনদের আন্তরিক সমবেদনা জানাই। প্রসঙ্গত, তাঁর একমাত্র সন্তান সুমন্ত্র বসু বিদ্যামন্দিরের একজন প্রাক্তনী।

## শোক সংবাদ

■ বিদ্যামন্দিরের ১৯৫৫-৫৭ শিক্ষাবর্ষের প্রাক্তনী বাবলু ঘোষ গত ৬.৫.১৮ তারিখে তাঁর লেকটাউনের বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করি এবং এবং পরিবারবর্গকে আন্তরিক সমবেদনা জানাই।

■ ১৯৬৭-৭০ এর প্রাক্তনী পাঁচুগোপাল সামন্ত ০৭.১১.১৭ তারিখে হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে পরলোক গমন করেছেন। অ্যাডিশানাল কমিশনার, কাস্টম্‌স্ অ্যান্ড বেঙ্গল একসাইজ, হিসেবে তিনি অবসর নিয়েছিলেন। তাঁর আত্মার সদ্‌গতি কামনা করি এবং শোকসন্তপ্ত পরিজনদের সমবেদনা জানাই।

■ বিদ্যামন্দিরের প্রাক্তনী, ১৯৬৮-৭১ ব্যাচের ডাঃ অনিমেষ রায় চৌধুরী গত ১৭ মার্চ ২০১৮ তারিখে লিভার ক্যান্সারে আক্রান্ত হয়ে পরলোকগমন করেছেন। কলেজ জীবনের বন্ধুরা ক্রিকেট মাঠে তাঁর দক্ষতার কথা চিরকাল মনে রাখবে। কর্মজীবনে তিনি ছিলেন একজন সফল হোমিও চিকিৎসক। আমরা তাঁর আত্মার চিরশান্তি কামনা করি এবং শোকসন্তপ্ত পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানাই।

■ ১৯৭১-৭৪ এর প্রাক্তনী—প্রাক্তনী সংসদের কার্যনির্বাহী সমিতির একদা সদস্য রামকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় গত ২৮.৫.১৮ তারিখে হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে পরলোক গমন করেছেন। নানাবিধ শারীরিক প্রতিবন্ধকতা সত্ত্বেও যেভাবে বিদ্যামন্দিরের নানা অনুষ্ঠানাদিতে সোৎসাহে যোগ দিতেন—তা থেকে বিদ্যামন্দিরের প্রতি তাঁর আন্তরিক ভালবাসা প্রকাশিত হয়েছে। আমরা তাঁর আত্মার সদ্‌গতি কামনা করি এবং শোকসন্তপ্ত পরিজনদের সমবেদনা জানাই।

## সংশোধনী

ছাত্রাবাসের রান্নাঘরে সব্‌জি কাটার যন্ত্র কেনার জন্যে প্রয়োজনীয় অর্থ ১৯৮২-৮৪ উচ্চমাধ্যমিক ব্যাচের প্রাক্তনীরা দিয়েছে বলে প্রাক্তনীবার্তার গত সংখ্যায় বার্ষিক সাধারণ সভার প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। সঠিক তথ্য হ'ল, ঐ বাবদ ৮৮,৫০০ টাকা দিয়েছে ৮২-৮৪'র উচ্চ মাধ্যমিক ব্যাচ এবং ৮৪-৮৭ এর ডিগ্রী ব্যাচের ছাত্রেরা।

## Members' Directory

The 3rd edition is going to be published shortly. Particulars to be included are : Name, Date of Birth, Years and courses studied at Vidyamandira, Present Qualification, Present address with Telephone and Mobile Nos, E-mail ID, Occupation and Designation, Office address.

Members whose particulars appearing in the 2nd edition have been changed and new members whose particulars are not included in that edition are requested to send these particulars to the alumni office by October 31, 2018. Members can find their particulars in 'Find Member' option in our website www.alumnividyamandira.in. Mail us at alumnividyamandira@gmail.com. You can also contact Sri Susanta Dey (9433346353) or Sri Shankar Mukherjee (8017791439) for this.

## প্রাক্তনী সংসদ সমাচার

বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ মাতৃসমা বিদ্যামন্দির ও বিদ্যামন্দিরের বাইরে তার সীমিত সামর্থ্যের মধ্যে সমাজসেবামূলক কর্মপ্রক্রিয়া সাফল্যের সঙ্গে চালিয়ে যাচ্ছে। নিম্নে তার একটি সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হলো :

**স্বাস্থ্য প্রকল্প :** বেলুড় শ্রমজীবী হাসপাতালের সহযোগিতায় প্রাক্তনী সংসদের স্বাস্থ্য প্রকল্পটি বেশ সাফল্যের সঙ্গে এগিয়ে চলেছে। গত জানুয়ারি ২০১৮তে প্রাক্তনীবার্তা প্রকাশের পর থেকে এই প্রতিবেদনটি লেখা পর্যন্ত মোট ২৫ জন দুঃস্থ রোগীকে চিকিৎসার জন্য ১২,৫০০ টাকা দেওয়া সম্ভব হয়েছে।

**ছাত্রবৃত্তি প্রকল্প :** এই প্রকল্পে ১৯৬৮-১৯৭১ ব্যাচের প্রাক্তনীরা গত ২০১৭-১৮ অর্থবর্ষে ১,২৭,০০১ টাকা প্রাক্তনী সংসদের হাতে তুলে দিয়েছেন। এখনও পর্যন্ত তাঁরা মোট ২৮,২৫,৬০৮ টাকা এই প্রকল্পে সংসদকে দিয়েছেন। এছাড়া ১৯৭১-৭৪, ১৯৭৬-৭৯, ১৯৮৪-৮৬, ১৯৮৯-৯১, ২০০২-০৫, ২০০৫-০৮, ২০০৬-০৯ শিক্ষাবর্ষের প্রাক্তনীরা এবং ব্যক্তিগতভাবে অনেক প্রাক্তনীও এই প্রকল্পে নীরবে তাঁদের সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। এঁদের মধ্যে ১৯৭১-৭৪ ব্যাচের প্রাক্তনীরা ২০১৭-১৮ অর্থবর্ষে ২,০১,০০০ টাকা প্রাক্তনী সংসদের হাতে তুলে দিয়েছেন এবং মোট দিয়েছেন ৪,৫২,০০০ টাকা। ১৯৭৬-৭৯-ব্যাচের প্রাক্তনীরা এই অর্থবর্ষে দিয়েছেন ১,৮১,০০১ টাকা। ১৯৭৬-৭৯ ব্যাচের প্রাক্তনীরা ২০১৭-১৮ অর্থবর্ষে ১,৮১,০০০ টাকা সংসদের হাতে তুলে দিয়েছেন এবং মোট দিয়েছেন ৭,৪৭,০২১ টাকা। এছাড়া বিশেষভাবে উল্লেখযোগ্য বিদ্যামন্দিরের বাইরের ছাত্রদের পড়াশুনায় সাহায্যের জন্য তিনটি স্থায়ী তহবিল—স্বামী আদীশ্বরানন্দ স্বামী গোকুলানন্দ স্মারক ছাত্রবৃত্তি তহবিল, স্বামী তথাগতানন্দ স্মারক ছাত্রবৃত্তি তহবিল ও স্বামী শান্তরূপানন্দ স্মারক ছাত্রবৃত্তি তহবিল-এর সুদ বাবদ আয় থেকে ব্যয় করা হচ্ছে।



বেলিয়াবেড়ায় কল্যান প্রকল্প

**স্বামী তেজসানন্দ স্মারক পুরস্কার :** এবছর বিদ্যামন্দিরের তৃতীয় বর্ষের তিনটি ছাত্রকে এই পুরস্কার দেওয়া হয়েছে। পুরস্কার প্রাপক ছাত্রদের নাম হল : কলা বিভাগে শ্রী বিকাশ মাখাল (সাম্মানিক রাষ্ট্রবিজ্ঞান) এবং বিজ্ঞান বিভাগে যুগ্মভাবে শ্রী শুদ্ধসত্ত্ব রায় ও শ্রী অত্রি মল্লিক (সাম্মানিক শিল্প রসায়ন)।

**রানীরাসমণি স্মারক বক্তৃতা :** আগামী ১৫ই আগস্ট, ২০১৮ তারিখে এই স্মারক বক্তৃতাটি অনুষ্ঠিত হবে। এই সংখ্যার প্রথম পাতায় পৃথকভাবে বিস্তারিত সূচী দেওয়া আছে।

**পুনর্মিলন উৎসব :** পরবর্তী পুনর্মিলন উৎসব আগামী ৩ ফেব্রুয়ারী, ২০১৯ তারিখে অনুষ্ঠিত হবে। পরবর্তী সংখ্যায় এই সম্বন্ধে বিস্তারিত বিবরণ প্রকাশিত হবে।

জেলাতে সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়েছে। এই সংখ্যায় পৃথক ভাবে সম্মেলনের বিস্তারিত বিবরণ দেওয়া আছে। ২০১৮-১৯ বর্ষে পশ্চিম বর্ধমান জেলায় বিবেকানন্দ সম্মেলন অনুষ্ঠিত হবে বলে স্থির হয়েছে।

**Programme :** ২০১৭-১৮ অর্থবর্ষে প্রাক্তনী সংসদ বিদ্যামন্দিরের সহযোগিতায় ঝাড়গ্রাম জেলায় গোপীবল্লভপুর ২নং ব্লকে বেলিয়াবেড়া গ্রাম পঞ্চায়েত এলাকায় এই প্রথম দুঃস্থ অধিবাসীদের সাহায্যার্থে এই Programme টি আয়োজন করেছে। এই সংখ্যায় পৃথক প্রতিবেদনে বিস্তারিত বিবরণ দেওয়া আছে।

আগামী ২৫ আগষ্ট, ২০১৮ তে ভগিনী নিবেদিতার ১৫০ তম জন্মবার্ষিকী উপলক্ষে হাওড়া জেলায় দীনবন্ধু ইনস্টিটিউশন (মেন) কে কেন্দ্র করে নিকটবর্তী আরও বেশ কয়েকটি বিদ্যালয়কে নিয়ে প্রবন্ধ প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে। প্রাক্তনী সংসদের পক্ষ থেকে এই অনুষ্ঠানে প্রাক্তনীদের সকলের উপস্থিতি বিশেষভাবে কাম্য। প্রাক্তনী সংসদের বিভিন্ন প্রকল্পের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত প্রত্যেক প্রাক্তনী ও শুভানুধ্যায়ীকে সংসদের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই।

—**মনোজকুমার ভট্টাচার্য্য**, কর্মসচিব, প্রাক্তনী সংসদ



## NIRF Ranking of Vidyamandira

Ramakrishna Mission Vidyamandira has been ranked 9th in the College Category by National Institutional Ranking Framework 2018, an initiative launched by the Ministry of Human Resource Development, Government of India. This is an all-India ranking where parameters like teacher-student ratio, pass percentage of students, progression and placement of pass-outs, per student expenditure, research output etc., are used to determine the academic performance of an institution during an academic year. On 3rd April 2018, this result was announced in a function held at Vijnan Bhavan, Delhi, where the Minister-in-Charge, Human Resource Development handed over a plaque and a certificate to top 10 institutions of the country in different categories. Vidyamandira is in the top 10 list in the College category. It is indeed a great honour to the college in its long journey of more than three quarters of a century. Vidyamandira Family accepts the honour with all humility and remembers with reverence the matchless contributions of monastics, teachers, non-teaching staff, hostel staff members, ex-students, guardians, different governmental and non-governmental agencies, well-wishers, devotees and students that have enabled this institution to grow through the passage of time.

However, we respectfully remember that there are several institutions which are rendering their commendable services within this state and also in other parts of the country in the field of higher education and Vidyamandira has been always trying to learn from all of them irrespective of what ranking they have secured. We should not forget that the Visionary *'Adhidevata'*, the Guiding and Inspiring Force of Vidyamandira life, Swami Vivekananda, once dreamt of this institution with the aim to build up the lives of a band of youths who being educated with ancient values and modern technologies, will dedicate themselves for the sake of the country and of the humanity as well. Therefore, at this point of time, we should take fresh pledge to devote all our strength in fulfilling the 'Dream of Vivekananda'. We, thus, appeal to all our ex-students and well-wishers to come forward and help us in achieving the goal.

**Swami Shastrajnananda**, Principal

## NEWS FROM THE VIDYAMANDIRA
### (December 2017 to May 2018)

**Convocation of the College :** The Fifth Convocation of the autonomous college was held on 8th December, 2017. Prof. Rajagopal Dhar Chakraborty, Hon'ble Registrar, University of Calcutta was the President of the session. The convocation address was delivered by Prof. Dhirendra Pal Singh, Director, NAAC. After welcome address by Swami Divyanandaji Maharaj, Secretary of the Vidyamandira and Saradapitha, Swami Shastrajnanandaji (The Principal, Vidyamandira) presented his report. Prof. Chakraborty, after chanting of 'Convocation Mantra', conferred the formal degree on the passed out students. The academic prizes were distributed to the students and the ceremony came to an end with a vote of thanks by Swami Ekachittanandaji, Vice-Principal of the college.

**Introduction of New Courses :** (a) An optional course on Communicative English for members of the teaching staff was introduced from 17.03.2018.
(b) An add-on course on 'An introduction to Harmoni analysis : Peter –Weyl theorem' started since 20.02.2018.

**Weekly Seminar and Special Lectures :** Some of the weekly seminars, extension lectures and special lectures organized during the period under review are enlisted below:

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 13.12.2017 | First patent in the history of Vidyamandira | Dr, Uttam Kumar Ghorai, Head, Dept. of Industrial Chemistry, Vidyamandira |
| 19.12.2017 | Recent Advances in Main Group Chemistry: Compounds involving low-valent low co-ordinate elements | Dr. Anukul Jana, Reader-F, Dept. of Chemistry, TIFR, Hyderabad |
| 05.01.2018 | *Determinants: properties, uses and factorization* | Prof. Ashis Gupta, Dept. of Mathematics, RKMVERI |
| 06.01.2018 | The Sun | Sri Partha Ghosh, Ex-guest Faculty, Kalna Polytechnic |
| 09.01.2018 | Inclusive Wealth Index | Sri Srijan Sil, Maverick Holdings Pvt. Ltd., Bangalore |
| 11.01.2018 | Philosophy of *Panchadashi* (International Seminar) | Swami Sarvapriyananda, Minister-in-Charge, Vedanta Centre of New York, USA |
| 13.01.2018 | Self-management for students | Swami Sarvapriyananda, Minister-in-Charge, Vedanta Centre of New York, USA |
| 15.01.2018 | Regression analysis : An overview | Prof. Bimal Sinha, Department of Mathematics and Statistics, University of Maryland, Baltimore County |
| 30.01.2018 | Prof. Dilip Kumar Mukherjee Memorial Lecture | Prof. Amlan J. Pal, IACS, Jadavpur, Kolkata |
| 10.02.2018 | Mind management in the light of Neuroscience, Yoga and Swami Vivekananda | Dr. Ravindra Nagendra, Head, Dept. of Physiology and Neuroscience, Gadag Institute of Medical Science, Karnataka |

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 12.02.2018 | Educational Psychology: New Horizons | Emili Puig i Vilaro, Associate Professor, Department of Specific Didactics,Didactics of Experimental Sciences, Institute of Educational Research (Scientific And Environmental Education (Greca)), University of Girona, Catalonia, Spain |
| 12.02.2018 | An introduction to Harmonic Analysis | Br. Amit, Dept. of Mathematics, Vidyamandira |
| 15.02.2018 | Scope and future trend of the software industry in India and abroad | Kushal Banerjee, TCG Ltd.; Subhendu Dutta Bhowmik, Cognizant; Kand Agarwal, CEU, NAASCOM |
| 15.02.2018 | *Bangladesher Ekaler Sahitya Chorcha* | Prof. Shahid Iqbal, Rajshahi University, Bangladesh |
| 16.02.2018 | Microbial technology | Dr. Subrata Kumar Ghosh, CEO, Biobharati Life Sc. Pvt. Ltd. |
| 23.02.2018 | History of Bangladesh: from 1947-1975 | Md. Abdul Mannan Haoladar, Dept. of History, Jagannath University, Dhaka |
| 27.02.2018 | Service Activities | Swami Debapriyananda, Minister-in-charge, Vedanta Society of Lusaka, Zambia |
| 28.02.2018 | Fermat's last theorem- A Mathematical treasure hunt | Prof. M S Raghunathan, IIT Bombay |
| 06.03.2018 | Union Budget 2018-19 | Prof. Vivekananda Mukherjee, Dept. of Economics, Jadavpur University & Prof. Subhanil Chowdhury, Institute of Development Studies, Kolkata |
| 10.03.2018 & 11.03.2018 | *Bhararat Bhagini Nivedita : Ek onyonyo byaktityo* | A Two-day seminar conducted by the Dept. of Indian Culture and Spiritual Heritage, Vidyamandira |
| 20.03.2018 | Tychonoff's theorem and axiom of choice | Prof. Asit Baran Raha, Guest Faculty, Department of Mathematics, Vidyamandira |
| 21.03.2018 | Prof. Debojyoti Bhowmik Memorial Lecture | Prof. Kamales Bhowmik, Former Scientist, SINP, Kolkata |
| 23.03.2018 | Theatre and Cinema in colonial Bengal: The first two pioneering efforts by Bengalees | Prof. Rachana Chakraborty, Dept. of History, Calcutta University |
| 26.03.2018 | An invitation to Stochastic Analysis | Dr. Suprio Bhar, Postdoc, TIFR, Bangalore |
| 29.03.2018 | Indian *Stupa* architecture: Exploring Sanchi | Prof. Gautam Mukhopadhyay, Dept of History, Vidyamandira |
| 31.03.2018 | *Ayurveda* in daily life | Dr. Kashinath Sengupta, Guest Faculty, J.B. Roy State Ayurvedic Hospital, Kolkata |
| 09.04.2018 | Monthly study circle | Swami Kaleshananda, RKMVERI |
| 11.04.2018 | Principle of control in cells | Dr.Somenath Bakshi, Postdoc, Harvard Medical School |
| 12.04.2018 | 1. Foreign Policy of the United States of America and Foreign Policy of People's Republic of China<br>2. Foreign Policy of India | Prof. Partha Pratim Basu, Dept. of International Relations, Jadavpur University |
| 13.04.2018 | Monthly study circle (for Hostel Staffs) | Swami Atmashraddhananda, Acharya, Probationaers' Training Centre, Belurmath |
| 08.05.2018 | A sojourn to Japan (Teachers' Colloquium | Prof. Sandipan Sen, Dept. of Pol. Sc., Vidyamandira |

**Students' Colloquium :**

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 06.03.2018 | Anubad | Souviik De Sarkar |
| 08.03.2018 | *Sanskritabye* lokoshikkha | Sankar Mondal |
| 22.03.2018 | Contribution of Sri Chaitanya Mahaprabhu *to Indian culture* | Sri Mridutpal Sinha Roy |
| 03.04.2018 | *Bhagini Nibeditar narimuktivabna* : Bartaman samaje tar prasangikata | Jyotirmoy Bose |
| 10.04.2018 | *SahityerAdda: Notun lekhokder mukhomukhi* | 2nd year students |



শারদোৎসবে অধ্যক্ষ মহারাজ কর্তৃক বস্ত্রবিতরণ

**Ambica Sarkar and Jadunath Majumder Memorial Lecture and Annual Prize Distribution of Co-curricular Activities** were organized on 7th April, 2018. Chief Guest of the session was the famous artist Sri Pradip Ghosh. He also delivered the memorial lecture.

## Achievements

According to NIRF Ranking 2018, of colleges across India Vidyamandira has secured an **All-India Rank 9**.

**Teacher's Achievement :** Dr. Uttam Kumar Ghorai, Head, Dept. of Industrial and Applied Chemistry, has received the Indian Chemical Society Award (Young Scientist category) for his research in the area of Industrial and Applied Chemistry.

**Student Achievements :**

**(A) Academic :**

**(i) Competition :** List of successful students in various competitions is given below :

| Date | Competition | Name of Student/Rank | Organized by |
|---|---|---|---|
| 05.02.2018 | State level elocution competition | Mridutpal Sinha Roy Rank – 1 | Gaudiya Mission, Kolkata |
| 19.02.2018 | Inter-college poster competition | Arnab Kundu, Anirban Dutta, Arkajit Pal Chowdhury (Rank I), Shawon Kumar Awon, Arkadeep Roy, Gobinda Chandra Mondal, 1st, Sourav Das, Sheikh Shakil Akhtar, Priyobrata Mondal | R K M Vidyamandira |
| 17.03.2018 | Inter-College Paper Presentation | Sourav Chakraborty Rank – 1 | Bijoy Krishna Girls College, Howrah |

**Retirement News :** Following two members of the hostel staff have retired in Dec 2017:

1. Sri Amal Mondal.
2. Sri Parimal Chatterjee.

**Some other Informations :**

- Visit of social outreach committee (Teachers' Council) to local schools on 6.12.2017.
- Art Exhibition for students: 28.02.2018.
- *'Kabitar Adda'*, was held on 29.03.2018.
- Polyphony Photo Festival was held during 2nd to 4th February, 2018.
- One-day seminar on Indian Culture and Spiritual Heritage was held on May 5, 2018.

# DETAILS OF SCHOLARSHIPS AWARDED DURING 2017-2018

## SCHOLARSHIPS TO NON-VIDYAMANDIRA STUDENTS

### SWAMI ADISWARANANDA - SWAMI GOKULANANDA MEMORIAL SCHOLARSHIP

| Name of the student | Subject | Amount in ₹ | College |
|---|---|---|---|
| 1 Piyali Majhi | B.Com, 2nd Yr. | ₹ 1,000 | Surendranath College for Women |
| 2 Soma Mishra | B.A., 1st Yr. | ₹ 2,000 | Shyamsundar College |
| 3 Santu Mondal | B.Ed | ₹ 2,000 | Burdwan University |
| 4 Puja Nandi | B.A., 2nd Yr. | ₹ 3,500 | Garhbeta College |
| 5 Bishweswar Mondal | B.A., 2nd Yr. | ₹ 2,000 | Garhbeta College |
| 6 Sanjit Rakshit | G.N.M., 3rd Yr. | ₹ 1,000 | Ashoknagar S.G. Hospital |
| 7 Anup Kumar Pandey | Phy. Hons. 1st Yr. | ₹ 2,000 | A.J.C. Bose College |
| 8 Monimala Majhi | Eng. Hons, 3rd Yr. | ₹ 2,000 | Garhbeta College |
| 9 Sibsankar Samanta | M.A. Geography | ₹ 2,000 | Sidhu Kanu Birsa University |
| 10 Sudip De | B.A., 2nd Yr. | ₹ 2,000 | Garhbeta College |
| | **Total** | **₹ 19,500** | |

### SWAMI TATHAGATANANDA MEMORIAL SCHOLARSHIP

| Name of the student | Subject | Amount in ₹ | College |
|---|---|---|---|
| 1 Soma Mishra | B.A., 1st Yr. | ₹ 2,000 | Shyamsundar College |
| 2 Bishweswar Mondal | B.A., 3rd Yr. | ₹ 1,000 | Garhbeta College |
| 3 Sanjit Rakshit | G.N.M., 3rd Yr. | ₹ 1,000 | Ashoknagar S.G. Hospital |
| 4 Piyali Majhi | B.Com, 2nd Yr | ₹ 3,000 | Surendranath College for Women |
| | **Total** | **₹ 7,000** | |

### SWAMI SANTARUPANANDA MEMORIAL SCHOLARSHIP

| Name of the student | Subject | Amount in ₹ | College |
|---|---|---|---|
| Prasenjit Ghosh | M.A., Geography | ₹ 2,000 | Burdwan University |
| | **Total** | **₹ 2,000** | |
| **Total Scholarship to Non-Vidyamandira Students** | | **₹ 28,500** | |

## SCHOLARSHIPS TO PASSED OUT STUDENTS OF VIDYAMANDIRA

### HEMCHANDRA GANGOPADHYAY MEMORIAL SCHOLARSHIP

| Name of the student | Subject | Amount in ₹ | College |
|---|---|---|---|
| Kousik De | B.Ed. | ₹ 5,000 | Kalna College |
| Anup Nandy | M.Ed. | ₹ 4,000 | R.K.Mission Sikshanmandira |
| Milan Bain | M.A., Pol, Sc. | ₹ 2,000 | Rabindra Bharati University |
| | **Total** | **₹ 11,000** | |

### CHANDRANATH DE MEMORIAL SCHOLARSHIP

| Name of the student | Subject | Amount in ₹ | College |
|---|---|---|---|
| Indrajit Das | M.A. History | ₹ 3,000 | Jadavpur University |

### ASHUTOSH DAS MEMORIAL SCHOLARSHIP

| Name of the student | Subject | Amount in ₹ | College |
|---|---|---|---|
| Indrajit Das | M.A., History | ₹ 2,000 | Jadavpur University |

## FINANCIAL ASSISTANCE TO STUDENTS OF VIDYAMANDIRA FOR ADMISSION IN M.A./M.SC.

### GENERAL SCHOLARSHIP FROM 2002-05 BATCH

| Name of the student | Subject | Amount in ₹ | College |
|---|---|---|---|
| Subrata Tudu | Philosophy | ₹ 3,200 | Vidyamandira |
| Subhendu Pal | Chemistry | ₹ 27,000 | IIT, Kanpur |
| Anim Kumar Basu | Industrial Chem | ₹ 10,000 | Sardar Ballavbhai Patel University |
| | **TOTAL** | **₹ 40,200** | |

### CONTRIBUTIONS TO THE ASSOCIATION FUNDS DURING THE YEAR 2017-18

| Name of the Fund | No. of persons who donated | Amount of Donation(₹) |
|---|---|---|
| Scholarship Fund | 11 | 214,103.00 |
| Healthcare Fund | 1 | 60,000.00 |
| Praktanivarta Fund | 1 | 1,200.00 |
| Swami Tejasananda Memorial Scholarship Fund | 1 | 500.00 |
| Graduates of 1971 Scholarship Fund | 22 | 127,001.00 |
| 1971-74 Batch Scholarship Fund | 30 | 201,000.00 |
| 1981-84 Graduate Batch Student Welfare Fund | 10 | 67,500.00 |
| 1976-79 Batch Scholarship Fund | 13 | 181,000.00 |
| 89-91 HS Batch Education Fund | 1 | 2,000.00 |
| 2008 Graduates Scholarship Fund | 1 | 10,000.00 |
| Swami Santarupananda Memorial Scholarship Fund | 1 | 2,000.00 |
| **Grand Total** | | **8,66,304.00** |

# প্রাক্তনী সংসদের সেবামূলক উদ্যোগ

প্রত্যন্ত গ্রামের আর্থিক দিক থেকে পিছিয়ে পড়া মানুষদের সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগের মাধ্যমে তাদের নিত্যপ্রয়োজনীয় কিছু সামগ্রী প্রদান করার সিদ্ধান্ত নেয় প্রাক্তনী সংসদ। সেইমত গত ১১ ফেব্রুয়ারি ২০১৮ কয়েকজন প্রাক্তনী বিদ্যামন্দিরের একজন অধীক্ষক মহারাজকে সঙ্গে নিয়ে রওনা হয় ঝাড়গ্রাম জেলার গোপীবল্লভপুর-২ ব্লকের অন্তর্গত আদিবাসী অধ্যুষিত বেলিয়াবেড়া গ্রামের উদ্দেশ্যে। এই প্রতিনিধি দলকে স্বাগত জানান ব্লকের বি.ডি.ও. শ্রী কৌশিক ঘোষ, আর এক প্রাক্তনী। ব্লক প্রশাসন, স্থানীয় গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির ব্যবস্থাপনায় অনুষ্ঠানটি হয় নিকটস্থ দুলুং নদীর ধারে। ৭টি গ্রাম পঞ্চায়েতের ৫৫ জন দরিদ্র আদিবাসী মানুষকে 'মশারি' প্রদান করেন প্রতিনিধি দলের সদস্যবৃন্দ। এছাড়া তাদের প্রত্যেককে ঠাকুর-মা-স্বামীজীর ফটো, টিফিন-প্যাকেট ও মিনারেল ওয়াটারের বোতল দেওয়া হয়। সমস্ত ব্যয়ভার বহন করে প্রাক্তনী সংসদ। ডেঙ্গু ও অন্যান্য মশাবাহিত রোগ প্রতিরোধে মশারি ব্যবহারের প্রয়োজনীয়তা সম্বন্ধে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন সংসদ সম্পাদক শ্রী মনোজ কুমার ভট্টাচার্য, স্বামী মহাবিদ্যানন্দ মহারাজ, বি.ডি.ও. শ্রী কৌশিক ঘোষ ও পঞ্চায়েত সমিতির অন্যান্য পদাধিকারীবৃন্দ।

# বিবেকানন্দ সম্মেলন - ২০১৮

স্বামী বিবেকানন্দের ভাবাদর্শকে বিদ্যালয় স্তরে ছাত্রছাত্রীদের মধ্যে ছড়িয়ে দিতে রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির ও রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ যৌথভাবে যে প্রচেষ্টা শুরু করেছিল দীর্ঘদিন পূর্বে তারই রূপরেখায় এ বৎসর (২০১৭-১৮) 'বিবেকানন্দ সম্মেলন' আয়োজিত হল হুগলী জেলায়।

এই সম্মেলন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সংগঠকদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয় রামকৃষ্ণ মঠ, আঁটপুরে। হুগলী জেলাকে তিনটি অঞ্চলে ভাগ করা হয়। এগুলি হ'ল—কামারপুকুর (হুগলী-১), আঁটপুর (হুগলী-২) ও গুড়াপ (হুগলী-৩)। এই অঞ্চলগুলিতে বিভিন্ন পর্যায়ে আবৃত্তি, সঙ্গীত, গল্পবলা, অঙ্কন, যোগাসন, ক্যুইজ ইত্যাদি বিষয়ে সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন করা হয়। আঞ্চলিক স্তরে রামকৃষ্ণ মঠ ও মিশনের সন্ন্যাসী মহারাজদের সক্রিয় অংশগ্রহণে স্থানীয় মানুষজন অনুপ্রাণিত হয়ে উৎসাহের সাথে অংশগ্রহণ করেন।

এই বৎসর বিবেকানন্দ সম্মেলনের অঙ্গস্বরূপ শিক্ষক সম্মেলন ও যুব সম্মেলনও পৃথকভাবে আয়োজিত হয়েছিল। গত ১৪ জানুয়ারি ২০১৮ কামারপুকুরে শিক্ষক সম্মেলন অনুষ্ঠিত হয়। এই সম্মেলনে ৪৭৫ জন শিক্ষক প্রতিনিধি অংশগ্রহণ করেন। সম্মেলনে বক্তব্য রাখেন বিদ্যামন্দিরের অধ্যক্ষ ও উপাধ্যক্ষ মহারাজ যথাক্রমে স্বামী শাস্ত্রজ্ঞানন্দজী ও স্বামী একচিত্তানন্দজী, কামারপুকুর মঠের অধ্যক্ষ স্বামী লোকোত্তরানন্দজী, আঁটপুর মঠের অধ্যক্ষ স্বামী বশিষ্ঠানন্দজী, গুড়াপ আশ্রমের অধ্যক্ষ স্বামী আনন্দময়ানন্দজী, কামারপুকুর মঠের স্বামী ভক্তিপ্রিয়ানন্দজী, সংসদের সভাপতি ডঃ বিশ্বনাথ দাস, সহ-সভাপতি শ্রী নিত্যনিরঞ্জন কুন্ডু, সংসদের কর্মসচিব শ্রী মনোজ কুমার ভট্টাচার্য এবং একজন শিক্ষক প্রতিনিধি। অনুষ্ঠানটি খুবই মনোজ্ঞ ও যুগোপযোগী আলোচনায় সমৃদ্ধ হয়। আঞ্চলিক স্তরে যুব সম্মেলন কামারপুকুরে ২৩ মার্চ ২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। এই সম্মেলনে ৪০০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। ২৮ মার্চ ২০১৮ তারিখে আঁটপুর ও গুড়াপ অঞ্চলের যুবসম্মেলন অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠান দুটিতে যথাক্রমে ২৩০ জন ও ৫৫০ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করেন।

বিভিন্ন বিষয়ে তিনটি আঞ্চলিক স্তরের প্রথম তিন স্থানাধিকারীদের নিয়ে জেলাস্তরের সর্বোচ্চ প্রতিযোগিতা আঁটপুরে ২৯ এপ্রিল ২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। ১৬৫ জন ছাত্রছাত্রী এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। বিজয়ী প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীকে এই দিনেই পুরস্কৃত করা হয়।

অন্যান্যবারের মত এবারেও বিবেকানন্দ সম্মেলন আয়োজনের জন্য পশ্চিমবঙ্গ সরকার আর্থিক সাহায্য দিয়েছেন। এছাড়া বিদ্যামন্দির ও প্রাক্তনী সংসদও যথারীতি আর্থিক দায়িত্ব বহন করেছে।

তরুণ প্রজন্মের মধ্যে স্বামীজীর জীবন ও বাণী প্রচারের উদ্দেশ্যেই আমাদের এই বিবেকানন্দ সম্মেলন। আশা রাখি সকলের আন্তরিক প্রচেষ্টায় ও কর্মদক্ষতায় এই বিবেকানন্দ অনুধ্যান আগামী বৎসরগুলিতেও অব্যাহত থাকবে।


বিবেকানন্দ সম্মেলন ঃ মঞ্চে বিশিষ্ট অতিথিরা


বিবেকানন্দ সম্মেলন ঃ আবৃত্তি প্রতিযোগিতা


বিবেকানন্দ সম্মেলন ঃ যোগাসন প্রতিযোগিতা


প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমণ্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক ঃ তপন কুমার ঘোষ

সদস্যবৃন্দ ঃ নিত্যনিরঞ্জন কুণ্ডু, স্বামী শাস্ত্রজ্ঞানন্দ, সুশান্ত দে, শুভেন্দু মজুমদার, গৌতম মুখোপাধ্যায় এবং মনোজ কুমার ভট্টাচার্য (কর্মসচিব)


PRINTED MATTER

BOOK POST


**If undelivered, please return to :**
**Ramakrishna Mission Vidyamandira Alumni Association, P.O. : Belur Math, Howrah, West Bengal-711202**
**E-mail : alumnividyamandira@gmail.com ● Website : www.alumnividyamandira.in**
Published by Manoj Kumar Bhattacharyya, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association

Printed at Soumen Traders Syndicate, Bally, Howrah, Ph. : 2654-3536